দৈনিক ইত্তেফাক

তারিখ 0 9 JUL 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

# প্রশ্নপত্র কঠিন, তাই গাড়ী ভাংচুর

ইত্তেফাক রিপোর্ট ।। এইচএসসি পরীক্ষার ৫ম দিনে গতকালও (সোমবার) দেশের বিভিন্নস্থানে সহিংস ঘটনা ঘটিয়াছে। প্রশ্নপত্র কঠিন হইয়াছে—এই ক্ষোভ প্রকাশ করিয়া গতকাল দুপুরে ঢাকা কলেজ কেন্দ্রের একদল পরীক্ষার্থী পরীক্ষা শেষে বাহির হইয়া কলেজের সম্মুখস্থ রাস্তায় গাড়ী ভাঙ্গচুর করে। এই সময় পুলিশ ৮ জনকে গ্রেফতার করে। দিনাজপুরে কাহারোল কলেজের পরীক্ষা কেন্দ্রে নকল করিতে বাধা দেওয়ায় একদল বিক্ষুব্ধ পরীক্ষার্থী টিএনও'র গাড়ীসহ কলেজের বিভিন্ন কক্ষে ভাঙ্গচুর করে।

ঢাকা বোর্ডে গতকাল বহিষ্কারের সংখ্যা ছিল ১১৫। যশোর বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষ মাত্র ৪টি জেলার বহিষ্কারের খবর জানাইয়াছে। ৪টি

(১১শ পৃ: ২-এর ক: দ্র:)

## প্রশ্নপত্র

(১ম পৃ: পর)

জেলায় ৩৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। রাজশাহী ও কুমিল্লা বোর্ডের সহিত যোগাযোগ করিয়াও কাহাকেও পাওয়া যায় নাই।

ঢাকা কলেজের সম্মুখস্থ সন্ত্রাসী ঘটনার বিবরণ দিয়া মহানগর পুলিশ জানায়, গতকাল দুপুর দেড়টার সময় ঢাকা কলেজে এইচ এস সি পরীক্ষা শেষে একদল উচ্ছৃংখল যুবক অকস্মাৎ কলেজ হইতে বাহির হইয়া রাস্তায় নামিয়া গাড়ী ভাংচুর করিতে থাকে। পুলিশ ঘটনাস্থলে ছুটিয়া গিয়া মনিরুজ্জামান, সিরাজুল ইসলাম, ফরহাদ চৌধুরী, জহির, আল মামুন, বাপ্পা, শাহিন ও নাসির নামে ৮ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে ধানমণ্ডি থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে। উল্লেখ্য, গ্রেফতারকৃত ৮ জনের মধ্যে ৫ জন এইচ এস সি পরীক্ষার্থী ১ জন গভঃ ল্যাবরেটরী হাইস্কুলের ছাত্র ও ২ জন ব্যবসায়ী।

দিনাজপুর সংবাদদাতা ।। এইচ এস সি পরীক্ষার ৫ম দিনে গতকাল কাহারোল কলেজ কেন্দ্রে টি, এন ও নকল করিতে বাধা দিলে পরীক্ষার্থীরা বিক্ষুব্ধ হইয়া টি এন ওর গাড়ীসহ কলেজের আসবাব পত্রের ব্যাপক ভাংচুর আরম্ভ করিলে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌছাইয়া ৭ রাউণ্ড ফাঁকা গুলি ছুড়িলে পরিস্থিতি নিয়ন্ত্রনে আসে। পরবর্তীতে পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। অসদুপায় অবলম্বনের দায়ে জেলায় মোট ৩শ ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ইহার মধ্যে দাউদপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে সর্বোচ্চ ৯৯ জনকে বহিষ্কার করা হইয়াছে।